যুগান্তর

তারিখ : 22 MAR 2016
পৃষ্ঠা : ১-৭ কলাম : ৪



ময়মনসিংহের গৌরীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে স্টুডেন্টস কেবিনেট নির্বাচনে সোমবার প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা একে অপরের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করছে। (ইনসেটে) রাজশাহীতে স্টুডেন্ট কেবিনেট নির্বাচনে ভোট দিচ্ছে এক ছাত্রী যুগান্তর

# স্টুডেন্টস কেবিনেট নির্বাচন

**যুগান্তর ডেস্ক**

বিপুল উৎসাহ-উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে সোমবার সারাদেশে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। প্রতিনিধি নির্বাচনের লক্ষ্যে বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত ভোট গ্রহণ চলে। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**হবিগঞ্জ :** হবিগঞ্জ জেলার ১৮৬টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় সোমবার শান্তিপূর্ণভাবে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এ নির্বাচনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে গণতন্ত্রের সুষ্ঠু বিকাশ হবে বলে আশা করেন বিকেজিসি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা নাজমুন নাহার। এদিকে হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ে নির্বাচন পরিদর্শন করেন জেলা শিক্ষা কর্মকর্তা মোজাফ্ফর হোসেন।

**বগুড়া ব্যুরো :** বগুড়ায় ৬১৪টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় সোমবার স্টুডেন্ট কেবিনেট ২০১৬ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এ নির্বাচন নিয়ে ছাত্র-ছাত্রীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়েছিল। বগুড়া জেলা শিক্ষা অফিসের সূত্র জানায়, বগুড়ায় ৩৯১টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও ২২৩টি দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ধুনট উপজেলার গোশাইবাড়ি কেও বালিকা উচ্চ বিদ্যালয়ে স্টুডেন্টস কেবিনেট নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার দশম শ্রেণীর ছাত্রী আশা সুলতানা জানায়, সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন হয়েছে।

**রাঙ্গুনিয়া :** রাঙ্গুনিয়ায় মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় সোমবার অনুষ্ঠিত হয়েছে স্টুডেন্ট কেবিনেট নির্বাচন। সকালে ভোট কেন্দ্র পরিদর্শন করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ মামুন।

**রাজশাহী ব্যুরো :** রাজশাহীর হাই স্কুলগুলোতে সোমবার স্টুডেন্ট কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

সকালে রাজশাহী সরকারি বহুমুখি উচ্চ বালিকা বিদ্যালয়ে গিয়ে দেখা যায় ক্ষুদে ভোটারদের দীর্ঘ লাইন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক এসএম মাহবুবুর রহমান বলেন, শিক্ষার্থীদের কেবিনেট নির্বাচন বাংলাদেশ সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। এর মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে গণতান্ত্রিক মনোভাব জাগ্রত হবে।

**গৌরীপুর :** গৌরীপুরে ৪৪টি শিক্ষাপ্রতিষ্ঠানে 'শিক্ষার্থী মন্ত্রিসভা' নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ৩৮টি উচ্চ বিদ্যালয়ের ২০ হাজার ২৩ জন ও ৬টি মাদ্রাসার ২ হাজার ২৯৮ জন শিক্ষার্থীর মধ্যে ৯৪ শতাংশ শিক্ষার্থী ভোট প্রদান করে। নির্বাচনকে কেন্দ্র করে উৎসবমুখর হয়ে ওঠে গৌরীপুর আরকে, পাইলট বালিকা, নুরুল আমিন খান ও অগ্রদূত নিকেতন আদর্শ উচ্চবিদ্যালয়।

**চাঁপাইনবাবগঞ্জ :** চাঁপাইনবাবগঞ্জের মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসাগুলোতে স্টুডেন্ট ক্যাবিনেট গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। জেলায় মোট ৩৪৫টি শিক্ষাপ্রতিষ্ঠানে স্টুডেন্ট ক্যাবিনেট গঠন করা হচ্ছে। এর মধ্যে মাধ্যমিক বিদ্যালয় ২৪৩টি এবং দাখিল মাদ্রাসা ১০২টি বলে নিশ্চিত করেছেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোখলেছুর রহমান আকন্দ।

**নাটোর :** সরকারি বালক উচ্চবিদ্যালয়ে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। স্কুলের প্রভাতী শাখায় ১৩ জন এবং দিবা শাখার ১২ জন প্রতিনিধি নির্বাচনের লক্ষ্যে স্কুলে মোট ১১৭৫ জন ভোটারের মধ্যে পায় ৮০ ভাগ ছাত্র ভোট দানে অংশ নেয়।

**চুনারুঘাট :** উপজেলার ৩০টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় স্টুডেন্ট কাউন্সিল সম্পন্ন হয়েছে।

**নড়াইল :** নড়াইলের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে স্কুল ক্যাবিনেট নির্বাচন সম্পন্ন হয়েছে। নড়াইলের জেলা প্রশাসক মো. হেলাল মাহমুদ শরীফ, জেলা শিক্ষা অফিসার নরেশ চন্দ্র দাশ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা নাছিমা খাতুন, নড়াইল জেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি হুমায়ুন কবীর রিন্টু বিভিন্ন ভোট কেন্দ্র পরিদর্শন করেন।

**চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গায় মাধ্যমিক স্কুল ও মাদ্রাসাগুলোতে স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। তবে নির্বাচনে কোনো প্রতীক ব্যবহার করা হয়নি।

**কমলগঞ্জ :** উপজেলার সবগুলো উচ্চ বিদ্যালয়গুলোতে একযোগে স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। শমশেরনগর এএটিএম উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক মিহির ধর চৌধুরী ও চিথলিয়া জনকল্যাণ উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক স্বপন কুমার সিংহ স্টুডেন্ট ক্যাবিনেট সম্পর্কে বলেন, এটি শিক্ষা মন্ত্রণালয়ের একটি কর্মসূচি।

**চাঁদপুর :** চাঁদপুরের কচুয়া উপজেলার বিভিন্ন রঘুনাথপুর উচ্চ বিদ্যালয়, হযরত শাহ নেয়ামত শাহ উচ্চ বিদ্যালয়, কচুয়া সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, পালগিরী বেগম রাবেয়া উচ্চ বিদ্যালয়সহ ৩৭টি উচ্চ বিদ্যালয় ও ১৮টি মাদ্রাসায় নির্বাচন অনুষ্ঠিত হয়।

**ফুলবাড়ী (কুড়িগ্রাম) :** কুড়িগ্রামের ফুলবাড়ী জছিমিয়া মডেল উচ্চ বিদ্যালয়ে জাকজমকভাবে মাধ্যমিক স্কুল শিক্ষার্থী মন্ত্রিসভা গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

**শ্রীমঙ্গল :** শ্রীমঙ্গলের কাকিয়া বাজার উচ্চ বিদ্যালয়ে গিয়ে শিক্ষার্থীরা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে ভোট দিতে দেখা যায়। এ স্কুলে ৭ প্রার্থীর বিপরীতে ২০ শিক্ষার্থী নির্বাচনে অংশগ্রহণ করে।